

“আত্মকর্মী যুব শক্তি টেকসই উন্নয়নের মূলভিত্তি”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)


নং-৩৪.০১.০০০০.০২৮.২৩.০৭৫.০৯- ২৮৬

তারিখঃ ৩৭-০৭-২০১৭

বিষয়ঃ ১৫ আগস্ট ২০১৭খ্রিঃ তারিখ জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ঋণ বিতরণের উদ্যোগ গ্রহণ প্রসঙ্গে।

১৫ আগস্ট ২০১৭ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস। সোনার বাংলা গড়ার লক্ষ্যে দেশের যুবসমাজকে জাতীয় উন্নয়নের মূল শ্রোতধারায় সম্পৃক্ত করার জন্য স্বাধীনতার উষালগ্ন থেকেই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সুস্পষ্ট দিক নির্দেশনা প্রদানসহ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছিলেন। যুব উন্নয়ন অধিদপ্তর তারই ধারাবাহিকতায় যুবদের সার্বিক উন্নয়ন তথা যুবদের বেকারত্ব দূরীকরণে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা প্রদান এবং আত্মকর্মসংস্থান/কর্মসংস্থান সৃজনের লক্ষ্যে বিভিন্ন ধরনের কার্যক্রম বাস্তবায়ন করে আসছে, যার মধ্যে যুবঋণ কার্যক্রম অন্যতম।

- ২। ঋণ বিতরণ যুব উন্নয়ন অধিদপ্তরের একটি রুটিন কাজ হলেও জাতীয় শোক দিবসকে তাৎপর্যমন্ডিত করার মাধ্যমে দারিদ্র নিরসনের লক্ষ্যে কর্মপ্রত্যাশী যুবদের আত্মকর্মসংস্থান সৃজনে পূর্বের ন্যায় এবারও ঋণ বিতরণ করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। প্রতিটি কার্যালয়কে এ জন্য বিশেষ প্রস্তুতি গ্রহণসহ পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।
- ৩। “ক্ষুদ্রঋণ কার্য নির্দেশিকায়” বর্ণিত নীতিমালা অনুসরণপূর্বক যুব উন্নয়ন অধিদপ্তরের আওতাধীন সকল জেলা, উপজেলা ও ইউনিট থানা কার্যালয়ের মাধ্যমে ১৫ আগস্ট ২০১৭ জাতীয় শোক দিবসের কর্মসূচীতে আনুষ্ঠানিকভাবে এলাকার মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপ-মন্ত্রী/সংসদ সদস্য/উপজেলা পরিষদ চেয়ারম্যান/ স্থানীয় প্রশাসনের কর্মকর্তা ও গণ্যমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে ঋণের চেক বিতরণের ব্যবস্থা নিতে হবে।
- ৪। এ দিবস উপলক্ষে কতজন যুবক/যুবমহিলাকে কত টাকা ঋণ বিতরণ করা হবে তার তথ্য আগামী ০৭/০৮/২০১৭ তারিখের মধ্যে প্রধান কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। জাতীয় শোক দিবস উপলক্ষে আয়োজিত এ ঋণদান কার্যক্রমে প্রকৃতপক্ষে কী পরিমাণ ঋণ কতজনের নিকট বিতরণ করা হয়েছে এবং অনুষ্ঠানে উপস্থিত অতিথি কে ছিলেন তার তালিকাসহ একটি সংক্ষিপ্ত প্রতিবেদন আগামী ৩০/০৮/২০১৭ইং তারিখের মধ্যে ঋণ শাখায় প্রেরণ নিশ্চিত করার জন্যও অনুরোধ করা হলো।
- ৫। বিষয়টি অতি গুরুত্বপূর্ণ।

  
(আনোয়ারুল করিম)  
মহাপরিচালক  
ফোনঃ ৯৫৫৯৩৮৯

উপজেলা/থানা যুব উন্নয়ন কর্মকর্তা

যুব উন্নয়ন অধিদপ্তর


.....উপজেলা/থানা.....জেলা।

নং-৩৪.০১.০০০০.০২৮.২৩.০৭৫.০৯- ২৮৬

তারিখঃ ৩৭-০৭-২০১৭

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে বিতরণঃ

- ০১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,.....(সকল) জেলাকে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে তাঁর জেলায় গৃহীত কার্যক্রম সম্পর্কে অনুচ্ছেদ ৪ এর নির্দেশ মাফিক ব্যবস্থা নিতে বিশেষভাবে অনুরোধ করা হলো।
- ০৪। প্রোগ্রামার (আইসিটি), প্রধান কার্যালয়, ঢাকা-কে পত্রটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো।
- ০৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৬। অফিস কপি।

  
(মোঃ শাহীনুর রহমান)

সহকারী পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)

ফোনঃ ৯৫৬৭৭২১